



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তারিখ-১৬/০১/২০২২খ্রিঃ

### প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের কোতয়ালী থানা পুলিশ কর্তৃক ১ টি মোটর সাইকেল ও ৮ টি চোরাই সাইকেল উদ্ধারসহ ১ জন গ্রেফতার



গত ১৫/০১/২০২২ খ্রি. সময় ১৭.৪৫ ঘটিকায় ভুক্তভোগী মোঃ সাইফুল ইসলাম (৪৫), পিতা- মোঃ আজমত আলী সরকার, সাং- বড় পানসিয়া (সরদারপাড়া), থানা- পীরগাছা, জেলা- রংপুর, এ/পি- কামাল কাছনা, মায়াময়ী সড়ক, বাড়ী নং-০৫, রোড- ০৪, থানা- কোতয়ালী, মহানগর, রংপুর তার ভাড়া বাসার গ্যারেজে তার বাইক রেখে ভাড়া বাসার ২য় তলায় বাসায় প্রবেশ করেন। এরপর রাত অনুমান ০৮.০০ ঘটিকার সময় তিনি জরুরী কাজে বাহিরে যাওয়ার জন্য গ্যারেজে এসে দেখেন যে, তার মোটরসাইকেলটি যথা স্থানে নাই।

উক্ত ঘটনার প্রেক্ষিতে তিনি কোতয়ালী থানায় একটি লিখিত অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের ভিত্তিতে আরপিএমপি কোতয়ালী থানা পুলিশ রংপুর মহানগরীতে অভিযান পরিচালনা করে রংপুর সদর হাসপাতাল সুইপার কলোনী থেকে উক্ত অপরাধের সাথে জড়িত আসামী শুভ আহম্মেদ (২৫), পিতা- আলী আহম্মেদ, মাতা- শিল্পী বেগম, সাং- আমাশু কুকরুল (বুড়ি মন্দিরের পাশে), থানা- পরশুরাম, রংপুর মহানগর, রংপুর-কে গ্রেফতার করে। পরবর্তীতে তাকে চুরির বিষয়ে ব্যাপক জিজ্ঞাসাবাদে তার দেয়া তথ্যমতে উক্ত অভিযোগের চুরি যাওয়ার মোটরসাইকেলসহ আরো ০৮টি বাইসাইকেল উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কোতয়ালী থানার মামলা নং-৫৬, তারিখ-১৬/০১/২২খ্রিঃ, ধারা- ৪৫৭/৩৮০পেনাল কোড রুজু করা হয়েছে।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ কারুন-  
অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

১৬.০১.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১